

কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বে ভর্তি ও সেশন ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিনে কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফায়িল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) মাদ্রাসার অনুমোদিত একাডেমিক ও পরীক্ষা অর্ডিন্যান্স-এর ধারা ২.৫(গ এবং ঘ) মোতাবেক কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে (দুই বছর মেয়াদী) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৩ সম্পন্ন হওয়ার পর পরই নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী ক্লাশ শুরু এবং উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ভর্তি ও সেশন ফি' আদায় করতে হবে।

তফসীলঃ

- (ক) কামিল (স্নাতকোত্তর) শ্রেণীতে (দুই বছর মেয়াদী) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষা-২০১৩ সম্পন্ন হওয়ার পর পরই মাদ্রাসাসমূহ তাদের স্ব স্ব মাদ্রাসায় কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের ক্লাশ শুরু করবে এবং কামিল (স্নাতকোত্তর) ১ম পর্ব পরীক্ষার ফলাফল প্রকাশের ১(এক) মাসের মধ্যেই সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত সেশন ফি' আদায় স্বাপেক্ষে কামিল (স্নাতকোত্তর) শ্রেণীর ২য় পর্বের ভর্তি কাজ সম্পন্ন করে ব্যাংক ড্রাফট করতে হবে। আদায়কৃত ফি'-এর অর্থের ব্যাংক ড্রাফট পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

- (খ) কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বের ভর্তি ফি' (সেশন ফি') নিম্নরূপঃ

শ্রেণী	ভর্তি ফি' (সেশন ফি') (টাকা)	ক্রীড়া ফি' (টাকা)	রোভার স্কাউটস/ বি.এন.সি.সি (টাকা)
কামিল	৩০০/=	৫০/=	২৫/=

- (গ) স্ব স্ব মাদ্রাসা কর্তৃপক্ষ কামিল (স্নাতকোত্তর) ২য় পর্বে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই উপরোল্লিখিত ভর্তি ফি' (সেশন ফি') ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' (অর্থৎ প্রতি ছাত্র-ছাত্রী ২০০/=টাকা হারে) রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়া-এর উপর ব্যাংক ড্রাফট ইস্যু করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফটসহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT List বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

- (ঘ) রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী পরীক্ষায় (কামিল) অংশ গ্রহন করেনি বা অংশ গ্রহণ করে একাধিক বিষয়ে অনুত্তীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীর রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' আদায় স্বাপেক্ষে ফলাফল প্রকাশের ১(এক) মাসের মধ্যে পুনঃভর্তি করে ব্যাংক ড্রাফট করতে হবে এবং পুনঃভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের TOT Listসহ আদায়কৃত অর্থের ব্যাংক ড্রাফট করে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

(এস এম আব্দুল লতিফ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।